রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের সাহাবীগণের মাঝে কি মুসাফাহার প্রচলন ছিলো? তিনি বললেন, হ্যাঁ।

আবূল খাত্তাব কাতাদাহ থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আনাস রাদিয়াল্লাহু ‘আনহুকে
জিজ্ঞেস করলাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের সাহাবীগণের মাঝে কি মুসাফাহার প্রচলন ছিলো? তিনি বললেন, হ্যাঁ। [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

আবূল খাত্তাব কাতাদাহ রাহিমাহুল্লাহ এর জিজ্ঞাসা “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের সাহাবীগণের মাঝে কি মুসাফাহার প্রচলন ছিলো?” অর্থাৎ তাদের মধ্যে কি পরস্পর দেখা সাক্ষাতে সালামের পরে অধিক ভালোবাসা ও সম্মান প্রদর্শনের জন্য মুসাফাহা বিদ্যমান ছিলো? মুসাফাহা ডান হাতের মাধ্যমে হয়ে থাকে। এক মুসলিম অন্য মুসলিমের সাথে মুসাফাহা করলে তারা আলাাদা হওয়ার আগেই তাদেরকে ক্ষমা করে দেওয়া হয়। এ হাদীস দ্বারা পরস্পর মিলিত হওয়ার সময় মুসাফাহা করার ফযীলত প্রমাণিত হয়। আর মুসাফাহা করা তখনই শরী‘আত সম্মত হয়, যখন আলাপ-আলোচনা বা অন্য কোনো উদ্দেশ্যে পরস্পর মিলিত হয়। পক্ষান্তরে কারো সাথে বাজারে দেখা হলে তার সাথে মুসাফাহা করা সাহাবীগণের অভ্যাস ছিলো না। অর্থাৎ আপনি যখন বাজারে কারো পাশ দিয়ে অতিক্রম করবেন তখন তাকে শুধু সালাম দিলেই যথেষ্ট হবে।

https://sunnah.global/hadeeth/bn/show/5384